



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৪২/ ২০২৮৬

তারিখঃ ১২.০৪.২০১৮খ্রিঃ

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন আগোলঝাড়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ সাহাবুদ্দীন বিশ্বাস এবং বিদ্যোৎসাহী সদস্য জনাব মোঃ আসাদুল ইসলাম এর বিরুদ্ধে সহকারী মৌলভী মোঃ রবিউল ইসলামকে বিধিবিহীনভাবে সহ-সুপার পদে নিয়োগ প্রদানের জন্য জোর করে স্বাক্ষর নেয়ার বিষয়ে কথা না মানায় দৈহিক ও মানসিকভাবে আঘাত করা এবং পরবর্তীতে সুপার পদ হতে চাকুরীচ্যুত করা, প্রান নাশের হুমকি প্রদানসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে সুপার এস, কে, এম, সালাহ উদ্দীন অত্র বোর্ডে কাগজপত্রসহ অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য কর্ণেল (অব:) শওকত আলী কর্তৃক ডিওপত্র দেয়া হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উল্লিখিত অভিযোগসহ সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা।

নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৪২/ ২০২৮৬

তারিখঃ ১২.০৪.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা।
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা, সাতক্ষীরা।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, আগোলঝাড়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- তালা, উপজেলা- তালা, সাতক্ষীরা।
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, আগোলঝাড়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- তালা, উপজেলা- তালা, সাতক্ষীরা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪